

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (২য় সংশোধিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website: www.prdp-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-২০২

তারিখ: ০৩ আশ্বিন' ১৪২৯ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর' ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প -৩ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সফল বাস্তবায়ন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন “অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি জিওবি অর্থায়নে দেশের ৬৪টি জেলার ২১৫টি উপজেলার ৬৫০টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মেয়াদ আগামী জুন/২০২৩ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

০২। সরকারের অভীষ্ট লক্ষ্য অর্জনে পিআরডিপি-৩ প্রকল্পটি একটি কার্যকর ও ব্যতিক্রমধর্মী প্রকল্প। টেকসই উন্নয়ন, অভীষ্ট লক্ষ্য অর্জন এবং গ্রামীণ জীবনমান উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে প্রকল্পটির ১ম ও ২য় পর্যায়ের কার্যক্রম উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়িত হলে স্থানীয় উন্নয়নের পাশাপাশি জাতীয় উন্নয়ন ও সমৃদ্ধির গतिकে ত্বরান্বিত করবে। জেলার উপপরিচালকগণ বিআরডিবির বিভাগীয় কার্যক্রমের সাফল্যের অন্যতম কারিগর। উপপরিচালকগণ প্রকল্পটির জেলা পর্যায়ের তদারক ও সমন্বয় কমিটির সদস্য-সচিব। উপপরিচালকগণের ঐকান্তিক প্রচেষ্টা এবং জেলা প্রশাসন ও জেলা পর্যায়ের অন্যান্য সরকারি-বেসরকারি দপ্তরের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে প্রকল্পটিতে তথা বিআরডিবির কার্যক্রমে বৈচিত্র্য আনয়ন সম্ভব। স্থানীয় পর্যায়ে জনগণের চাহিদার আলোকে আন্তঃদপ্তর সহযোগিতা সৃষ্টি ও সংরক্ষণ, উপপরিচালকগণের বস্তুনিষ্ঠ তদারকি ও কার্যকর কর্মোদ্যোগের মাধ্যমে এ প্রকল্পের সফল বাস্তবায়ন ও প্রাতিষ্ঠানিক রূপদান অপরিহার্য। এতদুদ্দেশ্যে বছরের শুরুতে অঙ্গভিত্তিক (Component Wise) লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তালিকা প্রস্তুত এবং উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কর্মকর্তাগণকে এ সংক্রান্ত নির্দেশনা প্রদান করা আবশ্যিক।

০৩। বর্ধিতাবস্থায় “অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (২য় সংশোধিত)” প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জন তথা মাঠ পর্যায়ে সফল বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



মোঃ সাহেদ আলী

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: ০২-৮১৮০০০২

ফ্যাক্স: ০২-৮১৮০০০৩

ই-মেইল: dg@brdb.gov.bd

উপপরিচালক (সকল)

বিআরডিবি -----

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-২০২

তারিখ: ০৩ আশ্বিন' ১৪২৯ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর' ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩। সংশ্লিষ্ট নথি।